# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৮৪

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

## اَلْفَصْلُ الثَّالِثُ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَلَا يَسْتَطِيعُ أَحَدُكُمْ أَنْ يَقْرَأَ أَلْفَ آيَةٍ فِي كُلِّ يَوْمٍ؟» قَالُوا: وَمَنْ يَسْتَطِيعُ أَنْ يَقْرَأَ أَلْفَ آيَةٍ فِي كل يَوْم؟ قَالَ: أَمَا يَسْتَطِيعُ أَحَدُكُمْ أَنْ يَقْرَأَ: (أَلْهَاكُمُ التكاثر)

؟

رَوَاهُ الْبَيْهَقِيّ فِي شعب الْإِيمَان

বাংলা

২১৮৪-[৭৬] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন বললেন, তোমাদের কেউ কি দৈনিক (কুরআনের) এক হাজার আয়াত করে পড়তে পারে? সাহাবীগণ বললেন, কে আছে দৈনিক (কুরআনের) এক হাজার আয়াত করে পড়তে পারে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তখন বললেন, তাহলে তোমাদের কেউ কি প্রত্যহ ’সূরা আল হা-কুমুত্ তাকা-সুর’ পড়তে পারে না? (বায়হাক্বী- শু’আবূল ঈমান)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : মুসতাদারাক লিল হাকিম ২০৮১, শু‘আবূল ঈমান ২২৮৭, য‘ঈফ আত্ তারগীব ৮৯১। কারণ এর সানাদে ‘উকবাহ্ একজন অপ্রসিদ্ধ রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ প্রশ্নের অর্থ হলো প্রত্যেকের পক্ষে নিয়মিত এক হাজার আয়াত প্রতিদিন তিলাওয়াত সম্ভব হবে না। তবে তোমাদের কেউ কি প্রত্যহ সূরা আত্ তাকা-সুর তিলাওয়াত করতে পারবে না? হ্যাঁ, তা তো অবশ্যই পারবে,

এ সূরা তিলাওয়াত হবে এক হাজার আয়াত তিলাওয়াতের (সাওয়াবের) স্থলাভিষিক্ত। অথবা এ সূরা পরকালীন হিসাবের প্রতি উৎসাহিত করা এবং দুনিয়া বিরাগী হওয়ার ক্ষেত্রে এক হাজার আয়াতের সমতুল্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56744

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন